# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ২৯৮৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ গীবতে (পরচর্চায়) অংশগ্রহণ করা হারাম। যার নিকট গীবত করা হয় তার উচিত গীবতকারীর তীব্র প্রতিবাদ করা এবং তার সমর্থন না করা। আর তাতে সক্ষম না হলে স□ম্ভব হলে উক্ত সভা ত্যাগ করে চলে যাওয়া যে কথা আসলে গীবত নয়

আরবী

وَعَنْ فَاطِمَةَ بِنتِ قَيسٍ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ : أَتَيتُ النَّبِيَّ ﷺ فَقُلْتُ : إنَّ أَبَا الجَهْمِ وَمُعَاوِيَةَ خَطَبَانِي؟ فَقَالَ رَسُوْلَ اللهِ ﷺ أَمَّا مُعَاوِيَةُ فَصُعْلُوكٌ لاَ مَالَ لَهُ وَأَمَّا أَبُو الجَهْمِ فَلاَ يَضَعُ العَصَا عَنْ عَاتِقِهِ متفق عَلَيْهِ

বাংলা

(২৯৮৩) ফাত্বেমাহ বিনতে ক্বাইস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে নিবেদন করলাম, ’আবুল জাহ্ম ও মুয়াবিয়াহ আমাকে বিবাহের প্রস্তাব দিয়েছেন। (এ ক্ষেত্রে আমি কী করব?)’ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’মুআবিয়াহ তো গরীব মানুষ, তার নিকট মালধনই নেই। আর আবুল জাহম, সে তো নিজ কাঁধ হতে লাঠিই নামায় না।’ (বুখারী মুসলিম ৩৭৭০)

মুসলিমের এক বর্ণনায় আছে যে, ’আবুল জাহ্ম তো স্ত্রীদেরকে অত্যন্ত মারধর করে।’ আর এই বর্ণনাটি ’সে তো নিজ কাঁধ হতে লাঠিই নামায় না’--এর ব্যাখ্যা স্বরূপ। কারো মতে তার অর্থ, সে অধিকাংশ সময় সফরে থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ ফাতিমা বিনত কায়স (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66731

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন